117

দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG 22 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

## রংপুরে শিক্ষা বোর্ড চাই

সিলেট ও বরিশালে নতুন দুটি শিক্ষা বোর্ড স্থাপন করা হচ্ছে জেনে আমরা আনন্দিত। উক্ত দুই প্রশাসনিক বিভাগে দুটি শিক্ষা বোর্ড স্থাপন করা হলে দেশে শিক্ষা বোর্ডের সংখ্যা হবে সাতটি। এ ছাড়াও মাদ্রাসা ও কারিগরি শিক্ষার জন্য আলাদা বোর্ড রয়েছে। দেশের জনসংখ্যা ১২ কোটির অধিক। এত জনসংখ্যার সন্তান-সন্ততির জন্য অনেক বেশি শিক্ষা বোর্ডের প্রয়োজন। রাজশাহী বিভাগে মোট ১৬টি জেলা রয়েছে। ১৬টি জেলার ছেলেমেয়েদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা নিয়ন্ত্রণ করার জন্য মাত্র একটি শিক্ষা বোর্ড রয়েছে। সিলেট শিক্ষা বোর্ড স্থাপনের পর সাবেক চট্টগ্রাম বিভাগে বোর্ডের সংখ্যা হবে তিনটি। বরিশালে শিক্ষা বোর্ড স্থাপনের পর সাবেক খুলনা বিভাগে বোর্ডের সংখ্যা হবে দুইটি। অথচ রাজশাহী বিভাগে ১৬ টি জেলার জন্য একটি শিক্ষা বোর্ডকে প্রচুর চাপের মধ্যে কাজ করতে হচ্ছে। তেঁতুলিয়া, রৌমারী, বুড়ীমারী, পাটগ্রাম প্রভৃতি অঞ্চলের স্কুল, কলেজের শিক্ষকদের আসতে হয় বিভিন্ন দাফতরিক কাজের জন্য। রাজশাহীতে অনেক অর্থ ব্যয় করে রাত কাটাতে হবে। অনুরূপ ছাত্রছাত্রীরা তাদের রেজিস্ট্রেশন জটিলতা, মার্কশীট, প্রবিশনাল সার্টিফিকেট ও সার্টিফিকেট অনুবাদ প্রভৃতি কাজের জন্য রাজশাহী এসে বোর্ড অফিসে সময় অতিবাহিত করে। প্রত্যন্ত অঞ্চল থেকে এসব ছাত্রছাত্রীকে যাওয়া-আসার ও রাজশাহীতে অবস্থানের জন্য অনেক টাকা ব্যয় করতে হয়। এত বিশাল এলাকায় পরীক্ষার্থীদের পরীক্ষা পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য একাধিক শিক্ষা বোর্ড হওয়া একান্ত বাঞ্ছনীয়। রংপুর জেলা শহর কেন্দ্রস্থলে স্থাপিত হওয়ায় রংপুরে একটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড স্থাপনের বিষয় বিবেচনা করলে এত বড় জনপদের অভিভাবক ও ছাত্রছাত্রীরা স্বস্তির নিশ্বাস ফেলতে পারত।

*মাহবুবুল হক চৌধুরী*
জেনারেল ম্যানেজার
অগ্রণী ব্যাংক, ঢাকা।